

হরিনাম দীক্ষার জন্য ন্যূনতম প্রয়োজনীয় যোগ্যতাসমূহ

১. কমপক্ষে বিগত ১২ মাস ধরে চারটি নিয়ম পালন (আমিষাহার বর্জন, দ্যুতক্রীড়া বর্জন, নেশাজাতীয় দ্রব্য বর্জন এবং অবৈধ স্ত্রী-পুরুষ সঙ্গ বর্জন) এবং ১৬ মালা হরিনাম মহামন্ত্র জপ করতে হবে।
২. কমপক্ষে ৬ মাস আগে গুরু পদাশ্রয় করতে হবে। আশ্রয় ফর্ম পূরণ করে গুরুমহারাজের অফিসে (জেপিএস অফিস) জমা দিতে হবে। (যদি আপনি আগেই কখনও আশ্রিত হয়ে থাকেন তবে আপনার নাম JPS office ডাটাবেস-এ রয়েছে কি না তা নিশ্চিত হয়ে নিন। মনে রাখবেন, যদি আপনি পূর্বে কখনও আশ্রয় হয়েছিলেন কিন্তু গুরুমহারাজের অফিস ডাটাবেসে আপনার নাম না থাকলে আপনাকে বর্তমানে আশ্রয় নিতে হবে এখন থেকে ৬ মাস পরে দীক্ষার জন্য পাবেদন করতে পারেন।)
৩. ইঙ্কন ডিসাইপল কোর্স সম্পন্ন করা বাধ্যতামূলক।
৪. স্থানীয় ইঙ্কন মন্দির অধ্যক্ষের স্বাক্ষরকৃত সুপারিশপত্র (recommendation letter) লাগবে।
৫. নিম্নলিখিত গ্রন্থসমূহ অধ্যয়ন সম্পন্ন করতে হবেঃ

ক. শ্রীমদ্ভগবদগীতা – ২ বার

ঘ. শ্রীচৈতন্য মহাপ্রভুর জীবনী ও শিক্ষা – ১ বার

খ. শ্রীমদ্ভাগবত (১ম স্কন্ধ) – ১ বার

ঙ. শ্রীল প্রভুপাদের জীবনী – ১ বার

গ. ভক্তিরসামৃত সিন্ধু – ১ বার

ব্রাহ্মণ দীক্ষার জন্য ন্যূনতম প্রয়োজনীয় যোগ্যতাসমূহ

১. গুরু আশ্রয়ের সময় থেকে নিয়মিত ভাবে চারটি নিয়ম পালন এবং ১৬ মালা জপ পালন করা হয়েছে কি না তা নিশ্চিত করতে হবে।
২. কমপক্ষে ১২ মাস আগে হরিনাম দীক্ষিত হতে হবে। (প্রয়োজনে গুরুমহারাজের অফিসে যোগাযোগ করে আপনার হরিনাম দীক্ষার তথ্য নিশ্চিত করে নিন)।
৩. ভক্তি শাস্ত্রী কোর্স করা বাধ্যতামূলক। ভক্তিশাস্ত্রী কোর্স সম্পন্নকারী প্রার্থীদের JPS office কর্তৃক নির্ধারিত ১৫ টি ব্যাখ্যামূলক প্রশ্নের উত্তর লিখতে হবে। ভক্তিবৈভব কোর্স সম্পন্নকারী প্রার্থীদেরই কেবল লিখিত পরীক্ষা দিতে হবে না।
৪. ইঙ্কন ডিসাইপল কোর্স সম্পন্ন করতে হবে (যদি হরিনাম দীক্ষার সময় না করা হয়ে থাকে)।
৪. প্রতিষ্ঠিত ইঙ্কন মন্দিরে শ্রীবিগ্রহের সেবার পূজারী বা রান্না সেবায় নিয়োজিত প্রার্থীরাই কেবল ব্রাহ্মণ দীক্ষার জন্য পরীক্ষার জন্য বিবেচিত হবেন। সেক্ষেত্রে প্রার্থীকে পূজারী বা রান্না সেবার জন্য স্থানীয় মন্দির অধ্যক্ষের বিশেষ সুপারিশপত্র (recommendation letter) লাগবে। পরমারাধ্য গুরুদেবের কথানুযায়ী, “বাড়ির বিগ্রহ সেবার জন্য ২য় দীক্ষার আবশ্যিকতা নেই। কেবল হরিনাম মহামন্ত্র নিরপরাধে জপের দ্বারাই যে কেউই ভগবদ্ধামে ফিরে যেতে পারেন।”
৫. নিম্নলিখিত গ্রন্থসমূহ অধ্যয়ন সম্পন্ন করতে হবেঃ

ক. শ্রীমদ্ভগবদগীতা – কমপক্ষে ৩ বার

ঙ. উপদেশামৃত – কমপক্ষে ১ বার

খ. শ্রীমদ্ভাগবত (১ম স্কন্ধ) – কমপক্ষে ২ বার

চ. শ্রীচৈতন্য মহাপ্রভুর শিক্ষা – কমপক্ষে ১ বার

গ. শ্রীমদ্ভাগবত (২য় এবং ৩য় স্কন্ধ) – কমপক্ষে ১ বার

ছ. শ্রীল প্রভুপাদের জীবনী – কমপক্ষে ১ বার

ঘ. ভক্তিরসামৃতসিন্ধু – কমপক্ষে ২ বার

* উপরি উক্ত গ্রন্থসমূহ সম্পূর্ণভাবে সম্পন্ন না করা পর্যন্ত কোন প্রার্থী ২য় দীক্ষার জন্য বিবেচিত হবেন না। গুরুমহারাজের অফিস নির্দিষ্ট প্রশ্নপত্রের দ্বারা লিখিত/বহু- নির্বাচনী পরীক্ষার মাধ্যমে যাচায় করে দেখবে যে প্রার্থী গ্রন্থসমূহ সঠিকভাবে অধ্যয়ন করেছেন কি না বা কৃষ্ণ ভাবনামৃতের দর্শন সম্পর্কে যথেষ্ট অভিজ্ঞ কি না।

* উপরিলিখিত যোগ্যতাসমূহ অর্জন করার পর হরিনাম ও ব্রাহ্মণ দীক্ষাপ্রার্থীদের গুরুমহারাজের অফিসে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

.....
বি.দ্র. দীক্ষা সংক্রান্ত ব্যপারে যোগাযোগের ঠিকানা

শ্রীল জয়পতাকা স্বামী অফিস, রুম নং- ১০৬ চক্র ভবন, ইস্কন মায়াপুর, ফোনঃ (+৯১)০৩৪৭২-২৪৫২৭৭

ই-মেইলঃ jpsofficedatabase@gmail.com , whatsapp: +91-9126495325 (শুধুমাত্র whatsapp text message করতে ব্যবহার করতে পারেন।)

দীক্ষা ফরম-এর জন্য এই লিংকটিতে খোঁজ করুনঃ http://www.jayapatakaswamioffice.com/?page_id=3